

ছুটির দিনে যানজট নেই, স্বস্তি শিক্ষার্থীদের

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি >

ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) বিশেষ করে ছাত্র-শিক্ষক কেন্দ্র (টিএসসি) এলাকায় সাপ্তাহিক ছুটির দিন শুক্র ও শনিবার ছাড়াও অন্য ছুটির দিনগুলোতে যানজট লেগেই থাকে। এতে ভোগান্তিতে পড়তে হয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীদের। তবে প্রথমবারের মতো গত শুক্রবার ও গতকাল টিএসসিসহ বিশ্ববিদ্যালয় এলাকা যানজটমুক্ত ছিল।

গত শুক্রবার বিশ্ববিদ্যালয় প্রশাসন বিশ্ববিদ্যালয়ের সাতটি প্রবেশমুখে গাড়ি চলাচল নিয়ন্ত্রণ করেছে। এতে বহিরাগত যানবাহনগুলো বিশ্ববিদ্যালয়ে প্রবেশ না করতে পারায় বিশ্ববিদ্যালয় এলাকায় যানজট লাগেনি। প্রশাসনের এমন সিদ্ধান্তে শিক্ষার্থীরা স্বস্তি প্রকাশ করেছেন।

এ ছাড়া গতকাল ডিসি ট্রাফিক রমনা, এডিসি ট্রাফিক শাহবাগ, এডিসি ট্রাফিক লালবাগ,

ঢাকা বিশ্ববিদ্যালয়

এডিসি ট্রাফিক নিউ মার্কেটের সঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসনের বৈঠক হয়। বৈঠকে বিশ্ববিদ্যালয় এলাকায় গাড়ি চলাচল সীমিত করার সিদ্ধান্ত জানানো হয়। বিশ্ববিদ্যালয়ের এই সিদ্ধান্তকে সহায়তা করার জন্য বিশ্ববিদ্যালয়ের সঙ্গে ট্রাফিক পুলিশের কোলাবোরেশন করা হবে বলে জানান বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দিন আহমেদ।

এদিকে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর দপ্তর থেকে পাঠানো এক জরুরি বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হয়, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সার্বিক নিরাপত্তার স্বার্থে ক্যাম্পাসে যান চলাচল নিয়ন্ত্রিত থাকবে। শুক্র, শনি ও সরকারি ছুটির দিনগুলোতে বিকেল ৩টা থেকে রাত ১০টা এবং

অফিস চলাকালীন দিনগুলো বিকেল ৫টা থেকে রাত ১০টা পর্যন্ত প্রবেশপথগুলোতে (শাহবাগ, দোয়েল চত্বর, বার্ন ইউনিট, শিববাড়ী ক্রসিং, ফুলার রোড, পলাশী মোড় ও নীলক্ষেত) ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্টিকারযুক্ত গাড়ি, জরুরি সেবা (অ্যাম্বুল্যান্স, ডাক্তার, রোগী, সাংবাদিকসহ অন্য সরকারি গাড়ি) ব্যতীত অন্য কোনো যানবাহন ক্যাম্পাসের ভেতরে প্রবেশ করতে পারবে না। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দিন আহমেদ কালের কণ্ঠকে বলেন, 'আমরা পুরো ডিসেম্বর মাস এমন করে যানবাহন নিয়ন্ত্রণ করার পরিকল্পনা নিয়েছি। শিক্ষার্থীদের নিরাপত্তার স্বার্থেই। ছুটির দিনগুলোতে বিকেল ৩টা থেকে আর অন্য দিনগুলোতে এটি বিকেল ৫টা-সাতটা থেকে প্রবেশপথ দিয়ে গাড়ি চলাচল সীমিত করা হবে। এ বিষয়ে আমরা নগরবাসীর সহায়তাও কামনা করছি।'